



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭

নং-৮০.০০.০০০০.২০০.০৬০.৬০.১৮-৮১৬

তারিখ : ২৭ সেপ্টেম্বর-২০১৮

৩৯তম বিসিএস এর মৌখিক পরীক্ষার সময় ও তারিখ সংক্রান্ত বিজ্ঞপ্তি

৩৯তম বিসিএস (বিশেষ) এর লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ১০.১০.২০১৮ তারিখ থেকে শুরু হবে। ১০.১০.২০১৮ থেকে ২৬.১১.২০১৮ তারিখ পর্যন্ত অনুষ্ঠেয় মৌখিক পরীক্ষার তারিখ ও রেজিস্ট্রেশন নম্বরভিত্তিক সময়সূচি কর্ম কমিশনের ২৫.০৯.২০১৮ তারিখের ৮০.০০.০০০০.২০০.০৬০.৬০.১৮-৮০৯ নম্বর বিজ্ঞপ্তি মারফত প্রকাশ করা হয়েছে। মৌখিক পরীক্ষা প্রতি কার্যদিবসে সকাল ১০:০০টায় সরকারী কর্ম কমিশনের আগারগাঁও, শেরেবাংলা নগর ঢাকাস্থ প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

২. সাক্ষাৎকারপত্র প্রাপ্তি : মৌখিক পরীক্ষার প্রার্থীদের জন্য কমিশন হতে ডাকযোগে কোনো সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না। কমিশনের পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার) কর্তৃক স্বাক্ষরিত ৩৯তম বিসিএস (বিশেষ) পরীক্ষার সাক্ষাৎকারপত্রটি কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইটে আপলোড করা থাকবে। কমিশন কর্তৃক মৌখিক পরীক্ষাসূচি ঘোষণার পর ৩৯তম বিসিএস (বিশেষ) পরীক্ষার সাক্ষাৎকারপত্রটি কমিশনের ওয়েবসাইটে হতে প্রার্থী ডাউনলোড করে সংগ্রহ করবেন। কমিশন কর্তৃক ঘোষিত ৩৯তম বিসিএস (বিশেষ) পরীক্ষার মৌখিক পরীক্ষার সময়সূচি অনুযায়ী প্রার্থীর জন্য নির্ধারিত মৌখিক পরীক্ষার তারিখ, রেজিস্ট্রেশন নম্বর এবং নাম সাক্ষাৎকারপত্রের ০১ নম্বর অনুচ্ছেদের নির্ধারিত স্থানে প্রার্থী স্বহস্তে লিখবেন। মৌখিক পরীক্ষার নির্ধারিত তারিখ ও সময়ে সাক্ষাৎকারপত্রে উল্লিখিত কাগজপত্র এবং সাক্ষাৎকারপত্রসহ প্রার্থী সরকারী কর্ম কমিশনের আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকাস্থ প্রধান কার্যালয়ে মৌখিক পরীক্ষার বোর্ডে উপস্থিত হবেন। কোনো প্রার্থী নির্ধারিত তারিখ ও সময়ে মৌখিক পরীক্ষার বোর্ডে উপস্থিত হতে ব্যর্থ হলে উক্ত প্রার্থীর মৌখিক পরীক্ষা আর গ্রহণ করা হবে না এবং প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

৩. সাক্ষাৎকারপত্রে নির্দেশিত কাগজপত্রসহ উপস্থিতি : সাক্ষাৎকারপত্রের ৩ নম্বর অনুচ্ছেদের 'ক' থেকে 'দ' উপানুচ্ছেদে উল্লিখিত সনদ/প্রত্যয়নপত্র/ডকুমেন্টস সমূহের মূলকপি মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই প্রদর্শন করতে হবে। প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত উল্লিখিত সনদ/প্রত্যয়নপত্র/ডকুমেন্টস এর একটি করে কপি ৩০ মিনিট পূর্বে সাক্ষাৎকার বোর্ডে জমা দিতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

৪. মৌখিক পরীক্ষার তারিখ, সময় এবং বিস্তারিত নির্দেশনার জন্য প্রার্থীদের কর্ম কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইটে ৩৯তম বিসিএস এর মৌখিক পরীক্ষাসূচির ৮০.০০.০০০০.২০০. ০৬০.৬০.১৮-৮০৯ নম্বর বিজ্ঞপ্তি দেখার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

[আ. ই. ম. নেহার উদ্দিন]
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)